**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১২ জানুয়ারি ২০১৬, ২৯ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ব্লু-ইকোনমির কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবি : রাষ্ট্রপতি
টেকসই স্যানিটেশন ব্যবস্থা গড়ার আহ্বান রাষ্ট্রপতির

২। সরকারের ওপর আস্থা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। জাতির উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ আজ

৪। গ্রাহক থেকে ধাতব মুদ্রা গ্রহণ না নিলে অর্থদণ্ড

৫। এবার হজযাত্রা ব্যয় ৩ লাখ ৬০ হাজার ২৮ টাকা : মন্ত্রিসভায় হজ ও ওমরাহ্ নীতি এবং হজ প্যাকেজ ২০১৬ অনুমোদন

৬। আরো সৌদি বিনিয়োগ ও সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী : গণভবনে সৌদি প্রিন্সের সাক্ষাৎ

৭। বিনিয়োগের জন্য বাংলাদেশ এখন খুবই উপযোগী স্থান : বাণিজ্যমন্ত্রী

৮। শিক্ষকদের লাগাতার কর্মবিরতিতে অচল পাবলিক বিশ্ববিদ্যালয়

৯। ২২ জানুয়ারি পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম

১০। বিশ্বের সবচেয়ে আশাবাদী মানুষ বাংলাদেশে : গ্যালাপের জরিপ

চলমান পাতা/২

## ১। ব্লু-ইকোনমির কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবি : রাষ্ট্রপতি

### টেকসই স্যানিটেশন ব্যবস্থা গড়ার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আঞ্চলিক উন্নয়নের জন্য ব্লু-ইকোনমির সম্ভাবনা কাজে লাগাতে জাতীয় উপআঞ্চলিক এবং আঞ্চলিক পর্যায়ে কার্যকর নীতি প্রণয়নের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সামুদ্রিক সম্পদের কাযকর ব্যবহারের মাধ্যমে ব্লু-ইকোনমির কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবি। রাষ্ট্রপতি গতকাল **১১** জানুয়ারি সোমবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত ভারত মহাসাগরীয় নেভাল সিম্পোজিয়ামের উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতাকালে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.**১**),**ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.**১**ক.**১**)।

ভবিষ্যৎ প্রজন্মের জন্য স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিতে উদ্ভাবনী ও টেকসই স্যানিটেশন ব্যবস্থা গড়ে তুলতে দক্ষিণ এশিয়ার দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ষষ্ঠ সাউথ এশিয়ান কনফারেন্স অন স্যানিটেশনের' উদ্বোধন অনুষ্ঠানে গতকাল **১১** জানুয়ারি সোমবার  রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** ( পৃ.২ ক.২), **যুগান্তর** (শেষ পৃ,ক.৭), **ডেইলি স্টার** (শেষ পৃ.৪,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৩,ক.২)।

## ২। সরকারের ওপর আস্থা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের দুই বছর পূর্তিতে দেশবাসীকে বর্তমান সরকারের ওপর আস্থা রাখার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, জ্বালাও-পোড়াও করে কেউ আমাদের অগ্রযাত্রা থামাতে পারবে না। প্রধানমন্ত্রী বলেন, দেশে জঙ্গিবাদ ও সন্ত্রাসের স্থান হবে না। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে গতকাল **১১** জানুয়ারি সোমবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগ আয়োজিত সমাবেশে সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর, ইত্তেফাক, সংবাদ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, আবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৩। জাতির উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ আজ

সরকারের দুই বছর পূর্তিতে আজ **১২** জানুয়ারি মঙ্গলবার জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সন্ধ্যায় বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি স্যাটেলাইট টিভি এবং রেডিওগুলো এ ভাষণ সরাসরি সম্পচার করবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (   পৃ.**১**ক.৬৭), **ডেইলি স্টার** ( পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.ক.**১**)।

**৪।	এবার হজযাত্রা ব্যয় ৩ লাখ ৬০ হাজার ২৮ টাকা : মন্ত্রিসভায় হজ ও ওমরাহ নীতি এবং হজ প্যাকেজ ২০১৬ অনুমোদন**

২০১৬ সালে সরকারি ব্যবস্থাপনায় হজে কোরবানিসহ ৩ লাখ ৬০ হাজার ২৮ টাকা খরচ হবে। এ লক্ষ্যে গতকাল **১১** জানুয়ারি সোমবার সচিবালয়ে 'জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৬' এবং 'হজ প্যাকেজ-২০১৬' এর খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি মন্ত্রিসভা ৩৪তম ও ৩৫তম বিসিএসে কারিগরি ও পেশাগত ক্যাডারে শূন্যপদে কোটা শিথিলের প্রস্তাব অনুমোদন দিয়েছে। এতে মুক্তিযোদ্ধা, নারী কিংবা নৃতাত্ত্বিক কোটায় কাউকে না পাওয়া গেলে মেধা তালিকা থেকে শূন্যস্থান পূরণ করা হবে। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো**

(শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.১ক.৬)।

**৫।**	শিক্ষকদের লাগাতার কর্মবিরতিতে অচল পাবলিক বিশ্ববিদ্যালয়

শিক্ষকদের লাগাতার কর্মবিরতিতে দেশের ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়েছে। ক্লাস-পরীক্ষা না থাকায় শিক্ষার্থীরা ক্যাম্পাসে যাননি। অনেক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকরাও ক্যাম্পাসে অনুপস্থিত ছিলেন। বৈষম্যমূলক অষ্টম পে-স্কেলের প্রতিবাদে ও শিক্ষকদের স্বতন্ত্র পে-স্কেলসহ পাঁচ দফা দাবিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ঘোষিত আলটিমেটাম শেষে গতকাল **১১** জানুয়ারি সোমবার থেকে লাগাতার কর্মবিরতি শুরু করেন শিক্ষকরা। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **প্রথম আলো, জনকণ্ঠ, যায়যায়দিন, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬।	আরো সৌদি বিনিয়োগ ও সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী : গণভবনে সৌদি প্রিন্সের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের উন্নয়নে জাহাজ নির্মাণসহ বিভিন্ন খাতে আরো সৌদি বিনিয়োগ ও সহযোগিতা কামনা করেছেন। তিনি বলেন, দুই ভ্রাতৃপ্রতিম দেশের পারস্পরিক স্বার্থে অন্যান্য ক্ষেত্রেও অর্থনৈতিক সহযোগিতার উপায় খুঁজে বের করতে হবে। সৌদি প্রিন্স তুর্কি বিন আবদুল্লাহ আল-সৌদ গতকাল **১১** জানুয়ারি সোমবার সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **প্রথম আলো** ( পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬)।

**৭।	গ্রাহক থেকে ধাতব মুদ্রা গ্রহণ না নিলে অর্থদণ্ড**

ধাতব মুদ্রাসহ কম মূল্যমানের নোট গ্রহণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মানছে না দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো। ফলে ব্যাংকগুলোর প্রতি ক্ষুব্ধ কেন্দ্রীয় ব্যাংক এবার নতুন নির্দেশনা জারি করে

বলেছে, ব্যাংকগুলো তাদের নিজস্ব গ্রাহকদের নিকট থেকে ধাতব মুদ্রা গ্রহণ না করলে এবং এ সংক্রান্ত অভিযোগ প্রমাণিত হলে ব্যাংক কোম্পানি আইনে ব্যবস্থা গ্রহন করা হবে। গতকাল **১১** জানুয়ারি সোমবার কেন্দ্রীয় ব্যাংকের কারেন্সি ম্যানেজমেন্ট বিভাগ থেকে এ প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** ( পৃ.১ ক.১), **ভোরের কাগজ** ( পৃ.১,ক.২),

**৮। বিনিয়োগের জন্য বাংলাদেশ এখন খুবই উপযোগী স্থান : বাণিজ্যমন্ত্রী**

আঞ্চলিক বাণিজ্য সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, সার্ককে আরও কার্যকর করে এ অঞ্চলের অর্থনৈতিক কার্যক্রমকে জোরদার করা প্রয়োজন। ভারতে সফররত বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ অন্ধ প্রদেশের বিশাখাপত্তমে ভারতের কনফেডারেশন অব ইন্ডিয়ান ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্ট অব ইণ্ডাস্ট্রিয়াল পলিসি এন্ড প্রোমোশন, মিনিস্ট্রি অব কমার্স এবং স্টেট গবমেন্ট অব অন্ধ প্রদেশ যৌথভাবে আয়োজিত পার্টনারশীপ সামিটের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতার সময় এ সব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **প্রথম আলো** ( পৃ.১৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.ক.২)।

**৯। ২২ জানুয়ারি পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম**

আগামী ২২ জানুয়ারি শুক্রবার সারা দেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে। গতকাল **১১** জানুয়ারি সোমবার সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

**১০। বিশ্বের সবচেয়ে আশাবাদী মানুষ বাংলাদেশে : গ্যালাপের জরিপ**

বিশ্বের সবচেয়ে আশাবাদী মানুষের দেশের তালিকায় স্থান পেয়েছে বাংলাদেশের নাম। অর্থনীতি নিয়ে আশাবাদের ক্ষেত্রে বাংলাদেশ দ্বিতীয় স্থান লাভ করেছে। অন্যদিকে সুখী দেশের তালিকায় প্রথম হয়েছে কম্বোডিয়া। যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গ্যালাপ ইন্টারন্যাশনাল এবং সুইজারল্যান্ড ভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান ওয়ার্ল্ডওয়াইড ইন্ডিপেডেন্ট নেটওয়ার্ক অব মার্কেট রিসার্চ এর সমীক্ষায় এ তথ্য পাওয়া গেছে। **সূত্র-ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **যুগান্তর**

( পৃ.২,ক.৩),

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** ৩৬তম বিসিএসের প্রিলিমিনারি প্রশ্নপত্রে নানা অসঙ্গতি থাকায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের বিষয়গুলো অবস্থা জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ।

খ. **ইত্তেফাক, ইনকিলাব :** হাজারীবাগের ট্যানারি স্থানান্তর নিয়ে শিল্পমন্ত্রীর ৭২ ঘন্টার আলটিমেটাম মেনে নিয়ে দ্রুত ট্যানারি মালিকরা কারখানাগুলো স্থানান্তর করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, নিউ নেশন, নিউ এজ :** সরকার কর্তৃক ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ার কথা উল্লেখ করে এর সাথে সাথে শিক্ষার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** রাজধানীতে ব্যক্তিগত গাড়ি ও রিক্সার সংখ্যা সড়কের ধারণক্ষমতার বাইরে চলে যাওয়ায় সংকুচিত হয়ে পড়ছে গণপরিবহণ চলাচলের পথ উল্লেখ করে গাড়ির সংখ্যা নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ কামনা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে ৬০ লাখের অধিক লোক মাদকাসক্ত হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে পুনর্বাসন কেন্দ্রগুলোকে আধুনিকায়ন করে আরো অধিক কার্যক্রম করে গড়ে তোলার সুপারিশ।

চ. **ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস :** সড়ক দুর্ঘটনায় ২০১৪ সালে ৬,৬০০ জন নিহত হওয়ায় চিত্র তুলে ধরে সড়কে নিরাপত্তা জোরদারে দেশব্যাপী যোগাযোগ নেটওয়ার্ক উন্নত করতে আরও পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ছ. **অবজারভার :**বাংলাদেশ বিমানের এমডির পদত্যাগে জনমনে নানা প্রশ্ন দেখা দেওয়ায় বিমান কর্তৃপক্ষকে এ বিষয়ে সংবাদ মাধ্যম ও জাতীয় সংসদে যথাযথ বক্তব্য তুলে ধরার আহ্বান।

জ. **নিউ এজ :** দেশব্যাপী পড়ে থাকা সরকারি ভূমির সঠিক পরিমাণ নির্ধারণ ও তার যথাযথ ব্যবহারের লক্ষ্যে গৃহীত সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে সরকার সংরক্ষিত ভূমির উপযুক্ত ব্যবহারের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে একটি আর্দশভিত্তিক ভালো দলই ভালো রাজনীতি উপহার দিতে পারে বলে উল্লেখ করা হয়েছে ।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'নারী মুক্তিযোদ্ধার স্বীকৃতি ও সম্মান দিতে হবে'** শিরোনামের নিবন্ধে সিনথিয়া পারভীন কাকলী সরকার সকল নারী মুক্তিযোদ্ধাকে খুঁজে বের করে তাদের প্রাপ্য সম্মান দিতে হবে এবং সকল সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা